46

দৈনিক সংবাদ

তারিখ 01 JAN 1996
পৃষ্ঠা 2 কলাম 6

# ১৫ জানুয়ারির মধ্যে দাবি মানুন, নইলে আন্দোলন

## শিক্ষক সমিতির ঘোষণা

(নিজস্ব বার্তা পরিবেশক)

বাংলাদেশ শিক্ষক সমিতি (কামরুজ্জামান) সরকারের প্রতিশ্রুতি অনুযায়ী শিক্ষকদের ১৫ দফা দাবির পূর্ণ বাস্তবায়ন এবং শিক্ষা মন্ত্রণালয় ঘোষিত নতুন স্টাফিং প্যাটার্ন বাতিলসহ শিক্ষা ক্ষেত্রে বিরাজমান সমস্যা সমাধানের জন্য আগামী ১৫ই জানুয়ারি পর্যন্ত সময়সীমা বেঁধে দিয়ে বলেছে, অন্যথায় ১৯শে জানুয়ারি সংগঠনের কেন্দ্রীয় কার্যনির্বাহী কমিটির সভায় তীব্র আন্দোলনের কর্মসূচী নেয়া হবে।

গতকাল রোববার বিকেলে জাতীয় প্রেসক্লাবে আহূত এক সাংবাদিক সম্মেলনে শিক্ষক সমিতির নেতারা এ দাবি জানান। এতে লিখিত বক্তব্য পড়েন সংগঠনের সভাপতি মোঃ কামরুজ্জামান। সাধারণ সম্পাদক চৌধুরী খুরশিদ আলম ছাড়াও হেনা দাস, শাহ আবদুর রাজ্জাক, আবু বকর সিদ্দিকী, আলাউদ্দিন ভুঁইয়া, আবদুল আউয়াল, বিলকিস জামান, রণজিত সাহা, আমিনা পারভিন, আলী আসগর প্রমুখ উপস্থিত ছিলেন।

শিক্ষক সমিতি উত্থাপিত অন্যান্য দাবির মধ্যে মূল দাবিগুলো হচ্ছে নতুন স্টাফিং প্যাটার্ন বাতিল করে সব বিষয়ের সর্বনিম্নসংখ্যক শিক্ষক রাখার বিধান করা, ইসলাম ধর্মের মতো সব ধর্মের শিক্ষক রাখার ব্যবস্থা করা ও শিক্ষা ক্ষেত্র থেকে সাম্প্রদায়িকতা নির্মূলের পদক্ষেপ নেয়া, শিক্ষক নিয়োগের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতার আরোপিত নিষেধাজ্ঞা বাতিল, শিক্ষা জাতীয়করণ কর্মসূচী বাস্তবায়িত না হওয়া পর্যন্ত সরকারকে অবিলম্বে শিক্ষক-কর্মচারীদের বেতনের সরকারি অংশ শতকরা ৮০ থেকে ১০০ ভাগে উন্নীত করা ও মাসের প্রথম ৭ দিনের মধ্যে তা পরিশোধের ব্যবস্থা করা, সকল শিক্ষক সংগঠনের প্রতিনিধি অন্তর্ভুক্ত করে বেসরকারি শিক্ষক কল্যাণ ট্রাস্টের ট্রাস্টি কমিটি পুনর্গঠন করা।